

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৪.০৭.৯০৫.১৭-৪১৪

তারিখঃ ১৯/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তি পর্যায়ের ইনোভেশন উদ্যোগ বাস্তবায়নে ক্রয় সংক্রান্ত বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ ০৩.৮০৫.০০২.০০.০০.০২০.২০১৭-২৫৬৮; তারিখঃ ১২/০৯/২০১৭ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, একটি বাছাই প্রক্রিয়ার মাধ্যমে যে কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান এবং ব্যক্তি পর্যায়ের উদ্ভাবককে সেরা উদ্ভাবনী উদ্যোগের জন্য সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা পর্যন্ত সিড ফান্ড প্রদান করা হয় মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী ক্রয়কারীর সংজ্ঞার অন্তর্ভুক্ত নয় [(বিধি-২(১৪))। উপরন্তু সরকারি ক্রয় প্রক্রিয়াকরণে বিভিন্ন ধাপে আইন/বিধি অনুসরণে পদক্ষেপ গ্রহণের জন্য যেরূপ সাংগঠনিক কাঠামো ও জনবলের প্রয়োজন হয়, বর্ণিত প্রতিষ্ঠান/ব্যক্তির ক্ষেত্রে তা নেই। ফলে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ এর বিধি-বিধান বর্ণিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে অনুসরণ সম্ভব নয়।

০২। তবে সরকারি তহবিল হতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত কল্পে ইনোভেশন উদ্যোগ বাস্তবায়ন কার্যক্রম পরিচালনার জন্য এ টু আই বর্ণিত প্রোগ্রামের আওতায় নিজস্ব একটি নীতিমালার মাধ্যমে এরূপ ক্ষেত্রে অর্থ ব্যয়ের শৃঙ্খলা বজায় রাখতে পারে।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

মহাপরিচালক (প্রশাসন) এবং
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।


(মোসাম্মা হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/১১৬

অনুলিপিঃ

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) অফিস কপি।